Lens Asia

৩০ আগস্ট, ২০২৬


# এসপির আদেশেও নড়েন না তারা!



এসপি মোহাম্মদ মিজানুর রহমান। ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জ জেলা পুলিশে বদলি আদেশ বাস্তবায়ন নিয়ে প্রশ্ন উঠেছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বদলি আদেশ এবং জেলা পুলিশ সুপারের (এসপি) স্পষ্ট নির্দেশনার পরও একাধিক পুলিশ সদস্য নির্ধারিত সময়ে কর্মস্থল ছাড়ছেন না বলে অভিযোগ পাওয়া গেছে। এতে জেলা পুলিশ প্রশাসনের অভ্যন্তরীণ শৃঙ্খলা, জবাবদিহি ও প্রশাসনিক নিয়ন্ত্রণ নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে।

পুলিশ সুপারের কার্যালয় সূত্রে জানা গেছে, গত ২৭ আগস্ট পুলিশ সুপার মোহাম্মদ মিজানুর রহমান মুন্সীর স্বাক্ষরে একটি জরুরি স্মারক জারি করা হয়। স্মারকে পুলিশ সদরদপ্তর ও ডিআইজি কার্যালয়ের বিভিন্ন স্মারকের মাধ্যমে বদলিকৃত কনস্টেবল, নায়েক, এটিএসআই, এসআই, সার্জেন্ট ও টিএসআইদের ২৭ আগস্টের মধ্যে ছাড়পত্র গ্রহণের নির্দেশ দেওয়া হয়।



বিষয়ঃ বদলীর আদেশপ্রাপ্ত পুলিশ সদস্যদের বদলীকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা ও রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ঢাকা হতে বিভিন্ন স্মারকমূলে/ আদেশমূলে বদলীকৃত কনস্টেবল, নায়েক, এএসআই (নিরস্ত্র/সশস্ত্র), এটিএসআই, এসআই (নিরস্ত্র/সশস্ত্র), সার্জেন্ট ও টিএসআইগণকে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্যই (২৭/০৮/২০২৬ খ্রিঃ) বদলীর চূড়ান্ত ছাড়পত্র গ্রহণের নিমিত্তে রিজার্ভ অফিস, নারায়ণগঞ্জ-এ হাজির থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। তাছাড়া জেলার অভ্যন্তরিন বিভিন্ন থানা/ইউনিটে বদলীর আদেশ প্রাপ্ত পুলিশ সদস্যদেরও বার্তা প্রাপ্তির সাথে সাথে বদলীকৃত থানা/ইউনিটের উদ্দেশ্যে ছাড়পত্র প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। বিষয়টি অতীব জরুরী।

(মোহাম্মদ মিজানুর রহমান মুন্সী)
বিপি-৭৪০৬১১৪২২২
পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
ফোন-২২৩৩০৪৬০১, ফ্যাক্স-০২২২৪৪৩৮২৪৮
Email:spnarayangonj@police.gov.bd

বিতরণঃ
কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ/ক্রাইম এন্ড অপস্/ডিএসবি/ডিবি/ট্রাফিক/প্রসিকিউশন), নারায়ণগঞ্জ।
২। অতিরিক্ত পুলিশ সুপার "ক/খ", সার্কেল, নারায়ণগঞ্জ।
৩। সহকারী পুলিশ সুপার, "গ" সার্কেল, নারায়ণগঞ্জ।
৪। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, নারায়ণগঞ্জ।
৫। ডিআইও-১, ডিএসবি, নারায়ণগঞ্জ।
৬। অফিসার, ইনচার্জ সদর মডেল/ফতুল্লা মডেল/বন্দর/সিদ্ধিরগঞ্জ/রূপগঞ্জ/সোনারগাঁ/আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ।
৭। ইনচার্জ-সকল পুলিশ ফাঁড়ি/তদন্ত কেন্দ্র, নারায়ণগঞ্জ।
৮। আরআই, পুলিশ লাইন্স, নারায়ণগঞ্জ।
৯। টিআই (প্রশাসন), ট্রাফিক শাখা, নারায়ণগঞ্জ।
১০। ইনচার্জ, পুলিশ কন্ট্রোল রুম, নারায়ণগঞ্জ (বার্তাটি সকল ইউনিটে প্রেরণের নিশ্চিয়তা বিধান করবেন)।
১১। ইনচার্জ, অপরাধ শাখা, পুলিশ অফিস, নারায়ণগঞ্জ।
১২। আরও, মাষ্টার রোল/সার্ভিস/ছুটি/প্রসেডিং/পেনশন/এসিআর শাখা, রিজার্ভ অফিস, নারায়ণগঞ্জ।
১৩। হিসাবরক্ষক/স্টেনো-১/২/৩, পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ।
১৪। সংরক্ষণ নথি।

তবে সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় দেখা গেছে, এর আগেও প্রশাসনিক কারণে বদলি হওয়া কয়েকজন পুলিশ কর্মকর্তা ও সদস্য নির্ধারিত সময়ে কর্মস্থল ছাড়েননি। তাদের মধ্যে এসআই নাজিম উদ্দীনের নামও রয়েছে। প্রশাসনিক কারণে গত ৭ মে ২০২৬ তাকে বদলি করা হলেও দীর্ঘ সময় পরও তিনি কর্মস্থল থেকে প্রস্থান নেননি বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

বদলি আদেশের পরও কোনো কর্মকর্তা বা সদস্য কীভাবে দীর্ঘ সময় একই কর্মস্থলে বহাল থাকছেন—এ নিয়ে প্রশ্ন উঠেছে। বিষয়টি নিয়ে আইন বিশেষজ্ঞদের মধ্যেও উদ্বেগ রয়েছে।

আইনজীবী ব্যারিস্টার সরোয়ার হোসেন বলেন, বদলি আদেশের পরও কেউ দায়িত্বে থেকে গেলে তার পেছনে প্রশাসনিক অনুমোদন বা অন্য কোনো ব্যবস্থাপনা রয়েছে কি না, তা খতিয়ে দেখা প্রয়োজন। তাঁর দাবি, পুলিশের অভ্যন্তরে লিয়াজোঁর মাধ্যমে অর্থের বিনিময়ে বদলি ঠেকিয়ে রাখার অভিযোগও রয়েছে। তবে এ ধরনের অভিযোগের সত্যতা যাচাই করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত।

অপরাধ বিশ্লেষক ড. তৌহিদুল হক বলেন, প্রশাসনিক শৃঙ্খলা নিশ্চিত করতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন জরুরি। কোনো কর্মকর্তা বা সদস্য নিয়মিত প্রক্রিয়ার বাইরে গিয়ে দীর্ঘদিন একই কর্মস্থলে অবস্থান করলে সেখানে প্রশাসনিক গাফিলতি কিংবা যোগসাজশের সুযোগ তৈরি হতে পারে। এ ধরনের বিষয় কার্যকর তদন্তের মাধ্যমে পরিষ্কার করা প্রয়োজন।

সংশ্লিষ্ট মহলের মতে, বদলি আদেশ কার্যকরে দীর্ঘসূত্রতা থাকলে মাঠপর্যায়ে প্রশাসনিক নিয়ন্ত্রণ দুর্বল হওয়ার পাশাপাশি একই কর্মস্থলে দীর্ঘদিন অবস্থানকারী সদস্যদের প্রভাব বিস্তারের সুযোগ তৈরি হতে পারে। তাই বদলি আদেশ বাস্তবায়নের পাশাপাশি অতীতে বদলি হয়েও যারা কর্মস্থল ছাড়েননি, তাদের বিষয়টিও খতিয়ে দেখা প্রয়োজন।

LENS ASIA